গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৬৮ তারিখ: ৬ ভাদ্র ১৪২৮

২১ আগস্ট ২০২১

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**১। সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেত:**

সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই।

**২। আজ ২১ আগস্ট ২০২১ খ্রিঃ তারিখ সকাল ৯:৩০ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**

ঢাকা, ফরিদপুর, মাদারিপুর, খুলনা, বরিশাল, পটুয়াখালি, নোয়াখালি, কুমিল্লা, ও চট্টগ্রাম অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি অথবা বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

**৩। ২১ আগস্ট ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:**

**সিনপটিক অবস্থাঃ** মৌসুমী বায়ুর অক্ষের বর্ধিতাংশ রাজস্থান, হরিয়ানা, উত্তর প্রদেশ, বিহার, গাঙ্গেয় পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের মধ্যাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর মোটামুটি সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে মাঝারী অবস্থায় রয়েছে।

**পূর্বাভাসঃ** বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ ও খুলনা বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।

**তাপমাত্রাঃ** সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): এ সময়ের শেষের দিকে বৃষ্টিপাতের প্রবনতা বৃদ্ধি পেতে পারে।**

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্টগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩১.৬ | ৩১.৭ | ৩২.৪ | ৩২.৫ | **৩৪.২** | ৩৩.৪ | ৩২.২ | ৩১.৯ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২৫.০ | ২৬.২ | **২৪.৪** | ২৪.৮ | ২৫.২ | **২৪.৪** | ২৫.৫ | ২৪.৬ |

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল রাজশাহী ৩৪.২$^{o}$ সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা হাতিয়া ও তেঁতুলিয়া ২৪.৪$^{o}$ সেঃ।
(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

**৪। এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাস**

- সুরমা-কুশিয়ারা ব্যতীত দেশের সকল প্রধান নদ-নদী সমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, যা আগামী ২৪ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।

- আগামী ২৪ ঘণ্টায় তিস্তা নদীর পানি সমতল স্থিতিশীল থাকতে পারে।
- আগামী ২৪ ঘন্টায় কুড়িগ্রাম, পাবনা, কুষ্টিয়া, মানিকগঞ্জ, রাজবাড়ী ও ফরিদপুর জেলার নিম্নাঞ্চলে বন্যা পরিস্থিতির অবনতি হতে পারে।
- আগামী ২৪ ঘণ্টায় যমুনা নদী আরিচা পয়েন্টে এবং আত্রাই নদী বাঘাবাড়ী পয়েন্টে বিপদসীমা অতিক্রম করতে পারে।

**৪ (ক)। ২০ আগস্ট, ২০২১ তারিখ থেকে আগামী ১০ দিনের সম্ভাব্য পূর্বাভাস:**

- **ব্রহ্মপুত্র-যমুনা নদীর পানি সমতল বৃদ্ধি অব্যাহত থাকতে পারে। আগামী ২৭শে আগস্ট নাগাদ জামালপুর জেলার বাহাদুরাবাদ স্টেশন, বগুড়া জেলার সারিয়াকান্দি স্টেশন, সিরাজগঞ্জ জেলার কাজীপুর স্টেশনে পানি সমতল বিপদসীমার কাছাকাছি পৌছাতে পারে। মানিকগঞ্জ জেলার আরিচা স্টেশন, সিরাজগঞ্জ জেলার সিরাজগঞ্জ স্টেশন এবং টাঙ্গাইল জেলার এলাসিনঘাট স্টেশনে পানি সমতল ২২শে আগস্ট নাগাদ পানি সমতল বিপদসীমার কাছাকাছি পৌছাতে পারে।**
- **গঙ্গা-পদ্মা নদীর পানি সমতল বৃদ্ধি অব্যাহত থাকতে পারে। রাজবাড়ী জেলার গোয়ালন্দ পয়েন্ট শরীয়তপুরের সুরেশ্বর পয়েন্টে পানি সমতল আগামী ৭ দিন স্থিতিশীল থাকতে পারে যার ফলে চলমান বন্যা পরিস্থিতি আগামী ৭ দিন অব্যাহত থাকতে পারে। মুন্সীগঞ্জের ভাগ্যকূল এবং মাওয়া পয়েন্টে পানি সমতল ২২শে আগষ্ট নাগাদ বিপদসীমার কাছাকাছি পৌছাতে পারে।**
- **ঢাকার চারপাশের নদীসমূহের পানি সমতল বাড়তে পারে। ঢাকার চারপাশের নদীসমূহের অববাহিকায় বিপদসীমা অতিক্রমের সম্ভাবনা নেই।**

**৪ (খ)। নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত):**

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ১০৯ | গেজ স্টেশন বন্ধ আছে | ০ |
| বৃদ্ধি | ৬৪ | গেজ পাঠ পাওয়া যায়নি | ডাটা সংগ্রহ শুরু হয়নি (০১ টি) |
| হ্রাস | ৪২ | মোট তথ্য পাওয়া যায়নি | ০ |
| অপরিবর্তিত | **০২** | **বিপদ সীমার উপরে** | **৪** |

**৪ (গ)। বিপদ সীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন ০৬ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ/২১ আগস্ট ২০২১ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):**

| **জেলার নাম** | **পানি সমতল স্টেশন** | **নদীর নাম** | **আজকের পানি সমতল (মিটার)** | **বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.)** | **বিপদ সীমা (মিটার)** | **বিপদ সীমার উপরে (সে.মি.)** |
|---|---|---|---|---|---|---|
| কুড়িগ্রাম | পাটেশ্বরী | দুধকুমার | ৩০.০৯ | +২০ | ৩০.০৫ | +০৪ |
| পাবনা | মথুরা | যমুনা | ১০.১৪ | +১০ | ১০.০৬ | +০৮ |
| রাজবাড়ী | গোয়ালন্দ | পদ্মা | ৯.০৭ | +০৭ | ৮.৬৫ | +৪২ |
| মাগুরা | কামারখালি | গড়াই | ৮.৪০ | +০৬ | ৮.২০ | +২০ |

**৫। বৃষ্টিপাতের তথ্যঃ**

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

| **স্টেশন** | **বৃষ্টিপাত (মি.মি.)** | **স্টেশন** | **বৃষ্টিপাত (মি.মি.)** | **স্টেশন** | **বৃষ্টিপাত (মি.মি.)** |
|---|---|---|---|---|---|
| রামগড় | ৯১.০ | পঞ্চগড় | ৭০.০ | মনু রেলওয়ে ব্রিজ | ৫০.০ |

**৫(ক)। গত ২৪ ঘন্টায় দেশের উজানে ভারতে উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ:**

| **স্টেশন** | **বৃষ্টিপাত (মি.মি.)** | **স্টেশন** | **বৃষ্টিপাত (মি.মি.)** | **স্টেশন** | **বৃষ্টিপাত (মি.মি.)** |
|---|---|---|---|---|---|
| পাসিঘাট | ৬১.০ | জলপাইগুড়ি | ৫৮.০ | দার্জিলিং | ৪৫.০ |

**৬। অগ্নিকান্ডের তথ্যঃ**

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ১৯ আগস্ট, ২০২১খ্রিঃ তারিখ

রাত ১২.০০টা থেকে ২০ আগস্ট, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট৫ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা দেওয়া হলঃ

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ৪ | ০ | ০ |
| ২। | খুলনা | ১ | ০ | ০ |
| | | | | |
| | মোট | ০৫ | ০ | ০ |

**৬(ক)। উল্লেখযোগ্য অগ্নিকান্ড (জেলাভিত্তিক তথ্য)**

**১। ঢাকাঃ** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের মাধ্যমে পাওয়া তথ্য হতে জানা যায় যে, আজ (২১.০৮.২০২১খ্রি) তারিখ রাজধানীর বনানী চেয়ারম্যান বাড়ি এলাকায় একটি ৬ তলা ভবনের ৩য় তলায় সকাল ৯:১০ ঘটিকায় অগ্নিকান্ডের সূত্রপাত হয়। সংবাদ পেয়ে ফায়ার সার্ভিসের ১৫ টি ইউনিট ঘটনাস্থলে পৌঁছায় এবং দুপুর ১.০৫ ঘটিকায় আগুন নিয়ন্ত্রণে আনে। এ অগ্নিকান্ডে কোন হতাহতের খবর পাওয়া যায়নি।

**৭ (ক)। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে মানবিক সহায়তার কার্যক্রমঃ**

- শরিয়তপুরঃ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে ১৬/০৮/২০২১ খ্রিঃ তারিখের ৩১৯ নং স্মারকের মাধ্যমে শরিয়তপুর-১ নির্বাচনি এলাকার জন্য সাম্প্রতিক নদীভাংগনে ক্ষতিগ্রস্তদের ঘর-বাড়ি মেরামতের লক্ষ্যে এবং কোভিড ১৯ এর কারণে লকডাউন থাকায় দুঃস্থ মানুষের মাঝে মানবিক সহায়তা প্রদানের জন্য জেলা প্রশাসক, শরিয়তপুর এর অনুকূলে ১০০ বান্ডিল ঢেউটিন, গৃহমঞ্জরি বাবদ ৩,০০,০০০/- টাকা এবং সংযুক্ত আরব আমিরাত সরকার থেকে প্রাপ্ত ২০০ কার্টুন খাদ্য সামগ্রী বরাদ্দ প্রদান করা হয়েছে।
- গাইবান্ধাঃ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে ১৬/০৮/২০২১ খ্রিঃ তারিখের ৩২০ নং স্মারকের মাধ্যমে গাইবান্ধা-১ নির্বাচনি এলাকার জন্যসাম্প্রতিক ঘূর্ণিঝড় ও অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্তদের ঘর-বাড়ি মেরামতের লক্ষ্যে মানবিক সহায়তা প্রদানের জন্য জেলা প্রশাসক,গাইবান্ধা এর অনুকূলে ২০০ বান্ডিল ঢেউটিন এবং গৃহমন্জুরি বাবদ ৬,০০,০০০/- টাকাবরাদ্দ প্রদান করা হয়েছে।

**৭ (খ)। কোভিড-১৯ ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগকালীন মানবিক সহায়তার কার্যক্রমের বিবরণ:**

| ক্রঃ নং | ত্রাণ কার্যক্রমের নাম | বরাদ্দের পরিমাণ | | |
|---|---|---|---|---|
| | | চলতি অর্থ বছরে (০১/০৭/২০২১ খ্রিঃ থেকে ২১/০৮/২০২১খ্রিঃ তারিখ পর্যন্ত) | বিগত (২৪/০৩/২০২০ খ্রিঃ থেকে ৩০/০৬/২০২১খ্রিঃ) পর্যন্ত | মোট বরাদ্দ (২৪/০৩/২০২০ খ্রিঃ থেকে অদ্য পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ (৩+৪) |
| ১ | **৩৩৩ ফোন নম্বরে অনুরোধকারীদের খাদ্য সহায়তা প্রদানের নিমিত্ত বরাদ্দ অর্থ** | **১০০,০০,০০,০০০/- (একশত কোটি) টাকা** | - | **১০০,০০,০০,০০০/- (একশত কোটি) টাকা** |
| ২ | ত্রাণ কার্য (নগদ অর্থ) | ২৮,১২,২৫,০০০/- (আটাশ কোটি বার লক্ষ পঁচিশ হাজার) টাকা | ১০১১,১৩,৩২,৫১১/- (এক হাজার এগার কোটি তের লক্ষ বত্রিশ হাজার পাঁচশত এগার) টাকা | ১০৩৯,১৫,৫৭,৫১১/- (এক হাজার উনচল্লিশ কোটি পনের লক্ষ সাতান্ন হাজার পাঁচশত এগারো) টাকা |
| ৩ | চাল | ১,৪৩,৩১৫.৫১ (এক লক্ষ তেতাল্লিশ হাজার তিনশত পনের দশমিক পাঁচ এক) মে: টন | ৪,৪৪,৫৪২ (চার লক্ষ চুয়াল্লিশ হাজার পাঁচশত বিয়াল্লিশ) মেঃ টন | ৫,৮৭,৮০৭.৫১ (পাঁচ লক্ষ সাতাশি হাজার আটশত সাত দশমিক পাঁচ এক) মে. টন |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | শুকনা ও অন্যান্য খাবার [মিনিকেট চাল ১০ কেজি; দেশী মুসুর ডাল ০১ কেজি প্যাকেট; আয়োডিনযুক্ত লবণ ০১ (এক) কেজি প্যাকেট; চিনি ০১ (এক) কেজি প্যাকেট; চিড়া (এক কেজির প্যাকেট ২ টি) ০২ (দুই) কেজি; সয়াবিন তেল ০১ (এক) লিটারের বোতল; নুডুলস ৫০০ (পাঁচশত) গ্রাম)] | ১৭,৩০০ (সতের হাজার তিনশত) প্যাকেট | ৬,৮৭,৭০০ (ছয় লক্ষ সাতাশি হাজার সাত শত) প্যাকেট | ৭,০৫,০০০ (সাত লক্ষ পাঁচ হাজার) প্যাকেট |
| ৫ | ঢেউটিন | ৩০০ বান্ডিল | ৩১,৮০০ (একত্রিশ হাজার আটশত) বান্ডিল | ৩১,৮০০ (একত্রিশ হাজার আটশত) বান্ডিল |
| ৬ | গৃহ নির্মাণ মঞ্জুরী | ৯,০০,০০০/ টাকা | ৯,৫৪,০০,০০০/- (নয় কোটি চুয়ান্ন লক্ষ) টাকা | ৯,৫৪,০০,০০০/- (নয় কোটি চুয়ান্ন লক্ষ ) টাকা |
| ৭। | সংযুক্ত আরব আমিরাত সরকার থেকে প্রাপ্ত খাদ্য সামগ্রী | ২০০ কার্টুন | | |

**৭ (গ)। ৩৩৩ এর মাধ্যমে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মানবিক সহায়তার বিবরণ (২০/০৮/২০২১ তারিখ পর্যন্ত):**

| ত্রাণ কার্য (নগদ অর্থ) টাকা | সকল জেলা (পৌরসভাসহ) | সকল সিটি করপোরেশন | সর্বমোট |
|---|---|---|---|
| উপকারভোগী পরিবার সংখ্যা | ২,৩২,২৭১ টি | ৯,১০৫ টি | **২,৪১,৩৭৬ টি** |
| উপকারভোগী লোক সংখ্যা | ৯,৫২,৫৯৫ জন | ৪৫,০১৯ জন | **৯,৯৭,৬১৪ জন** |

**৮। দুর্যোগ ব্যবস্থাপনা স্থায়ী আদেশাবলী ২০১৯ সহ অন্যান্য বিধিবিধান অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে।**

২১-৮-২০২১

কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা
ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল: controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৬৮/১(১৭১)

তারিখ: ৬ ভাদ্র ১৪২৮
২১ আগস্ট ২০২১

সদয় অবগতির জন্য প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ

৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৭) বিভাগীয় কমিশনার (সকল)

৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৯) জেলা প্রশাসক (সকল)

১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)
১৩) সহকারী পরিচালক , যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

২১-৮-২০২১
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা